

বিকেল বেলায়

অয়ন মুখোপাধ্যায়

শরৎ উড়ছে আকাশে ঘুড়ির মেঘ
টিং-সাইকেল মফস্বলের পথ
ঘুড়িপথ বেয়ে মেঘেদের আসা যাওয়া
একা জানালার পাশটিতে রাখো কাশ

ও কাশ, তোমার শ্বেতখানি দিও তবে
দ্যাখো, আমি জ্বরে পুড়েই যাচ্ছি জেগে
জাগা না-জাগার ঘুমমাখা চোখে দেখি
চূড়াময় এই শেষবিকেলের পথে

প্রতিটি তরুণী সূর্যের মতো লাল